ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২০৫ ● কলকাতা ● ০৯ শ্রাবণ, ১৪৩০ ● বুধবার ● ২৬ জুলাই, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা




আমিতো অন্তঃসত্ত্বা হইনি, বিয়ের প্রশ্নে কাকে খোঁচা তাপসীর!

পৃঃ ৫



এশিয়া কাপেও নেই লোকেশ রাহুল, অনিশ্চিত বিশ্বকাপেও!

পৃঃ ৬

## ফের দিল্লি গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দিল্লি গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মঙ্গলবার বিধানসভায় পরিষদীয় দলের বৈঠক শেষ করে তিনি রওনা হন দমদম বিমানবন্দরের উদ্দেশে। বিধানসভা ছাড়ার সময় সংবাদমাধ্যমের প্রশ্নের উত্তরে তিনি জানান, প্রয়োজনীয় কাজে দিল্লি যাচ্ছেন। কেন ফের তাঁর দিল্লিযাত্রা? এমন প্রশ্নের জবাবে মুখ খোলেননি বিরোধী দলনেতা।কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকে শুভেন্দু ছাড়াও থাকতে পারেন বিজেপির রাজ্য সভাপতি তথা বালুরঘাটের সাংসদ সদস্য সুকান্ত মজুমদার। দিল্লি যাওয়ার কারণে বুধবারের বিধানসভার অধিবেশনে অংশগ্রহণ না-ও করতে পারেন বিরোধী দলনেতা। তাই বিধানসভার কাজকর্ম দেখভালের দায়িত্ব তিনি বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক মনোজ টিগ্গাকে দিয়ে গিয়েছেন। এ ছাড়া পশ্চিমবঙ্গের নারী নির্যাতনের পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের দফতরে একটি প্রস্তাব জমা দিয়েছে বিজেপি পরিষদীয় দল। বিধানসভা ছাড়ার আগে শুভেন্দু বলেন, "এই বিষয়ে আমরা আলোচনা চেয়েছি।" আলোচনা না করতে দেওয়া হলে বিকল্প ব্যবস্থাও ভাবা রয়েছে বলেই

এরপর ৩ পাতায়

## জঙ্গি সংগঠনের নামেও ইন্ডিয়া থাকে:মোদী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইন্ডিয়ান মুজাহিদিন, পপুলার ফ্রন্ট অব ইন্ডিয়ার মতো সন্ত্রাসবাদী সংগঠনের প্রসঙ্গ টেনে কংগ্রেস-সহ বিরোধী দলগুলির জোট, 'ইন্ডিয়া'কে কড়া আক্রমণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই জোটকে ব্রিটিশদের 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি'র সঙ্গেও তুলনা করেছেন তিনি। মণিপুরের হিংসা নিয়ে ট্রেজারি বেঞ্চ এবং বিরোধীদের মধ্যে দ্বন্দ্বের জেরে সংসদে অচলাবস্থার চলছে। মণিপুরের হিংসা এবং মহিলাদের বিরুদ্ধে অপরাধের বিষয়ে আলোচনা এবং সংসদের ভিতর প্রধানমন্ত্রীর বিবৃতি দাবি করেছে বিরোধীরা। কিন্তু সরকার তাতে রাজি নয়। সরকার জানিয়েছে, তারাও আলোচনা চায়। তবে জবাব দেবেন অমিত শাহ, প্রধানমন্ত্রী নয়। এই নিয়ে দ্বন্দ্বে পরপর তিনদিন কার্যত কোনও কাজকর্ম ছাড়াই মুলতবি করে দিতে হয়েছে সংসদের দুই কক্ষেরই কার্যক্রম। সোমবার গোটা রাত সংসদ চত্বরে ধরনাও দেন বিরোধী সাংসদরা। এরই মধ্যে বিজেপির সংসদীয় বোর্ডের এই বৈঠক হল। এদিকে, এদিনই ইন্ডিয়ান ন্যাশনাল ডেভেলপমেন্টাল ইনক্লুসিভ অ্যালায়েন্স বা ইন্ডিয়া জোটের সংসদীয় নেতারা, রাজ্যসভার বিরোধীদলীয় নেতা মল্লিকার্জুন খার্গের সংসদীয় কার্যালয়ে বৈঠক করবেন। সংসদে বিরোধী জোটের পরবর্তী কৌশল তৈরি হবে সেই বৈঠকে।এই অবস্থায় বাদল অধিবেশনের বাকি দিনগুলির জন্য সরকারের কৌশল ঠিক করতে মঙ্গলবার সংসদের কার্যক্রম শুরুর আগে এক বৈঠকে মিলিত হয় বিজেপির সংসদীয় বোর্ড। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়াও এই বৈঠকে অংশ নেন বিজেপি সভাপতি জেপি নাড্ডা, সমস্ত ক্যাবিনেট মন্ত্রী এবং দুই কক্ষের বিজেপি সাংসদরা। এই বৈঠকে প্রধানমন্ত্রী জনসংযোগ বৃদ্ধি এবং বিরোধী জোটের মোকাবিলার বিষয়ে দলীয় সাংসদদের বিভিন্ন নির্দেশ দিয়েছেন।বিরোধীদের সম্পূর্ণ দিকভ্রষ্ট বলে কটাক্ষ করেন প্রধানমন্ত্রী। তিনি জানান, বিরোধীদের কাজই প্রতিবাদ করা, দলীয় নেতাদের তিনি নিজেদের কাজে মনোযোগ দিতে বলেছেন। প্রধানমন্ত্রী মোদী বলেন, 'বিরোধীরা সম্পূর্ণ দিশাহীন। মনে হয়, তারা দীর্ঘদিন ধরে বিরোধী আসনে থাকার সিদ্ধান্ত

এরপর ৩ পাতায়

## একমাত্র ভগবানই পশ্চিমবঙ্গকে বাঁচাতে পারে', নিয়োগ দুর্নীতি মামলায় মন্তব্য বিচারপতির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের বিরুদ্ধে একাধিক অভিযোগ তোলা হয়েছে। এমনকী তা নিয়ে হয়েছে মামলাও। স্কুল সার্ভিস কমিশন, প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং কলেজ সার্ভিস কমিশন নিয়ে নানা অভিযোগ সামনে এসেছে। আর এইসব অভিযোগ নিয়ে কলকাতা হাইকোর্ট থেকে শুরু করে সুপ্রিম কোর্টেও মামলা চলছে। প্রত্যেকটি ক্ষেত্রেই নানান দুর্নীতির ছবি উঠে আসছে প্রায় প্রত্যেক দিন।ঠিক কী বলেছেন বিচারপতি? সুপ্রিম কোর্টে গ্রুপ-সি এবং গ্রুপ-ডি পদে নিয়োগ নিয়ে মামলা চলছিল। সেখানে বিপুল পরিমাণ নিয়োগ বাতিল করে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। তাতে স্থগিতাদেশ মিলেছে। আর এসএসসি'র একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগে ওএমআর শিট গণ্ডগোল সংক্রান্ত মামলা ছিল দীপঙ্কর দত্তের বেঞ্চে। সেখানে শুনানিতে কড়া মন্তব্য করে বিচারপতি দীপঙ্কর দত্ত বলেন, 'দিনের পর দিন কী হচ্ছে এটা? সব কিছুতেই

এরপর ৩ পাতায়


# সাতকাহন

{কবিতা সংকলন}

ছায়াপথ প্রকাশনী

আলোর মিছিল

সম্পাদনায়:- অদিতি আচার্য্য ও মৃত্যুঞ্জয় সরদার

* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

লেখা পাঠানোর প্রক্রিয়া

১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।



নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।

-:লেখা পাঠানোর ঠিকানা:-

what's app :- 7439971094

সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

প্রিবুক মূল্য:- ২৫০ টাকা মাত্র

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্যিক, অভিনেতা, সঙ্গীত এবং নৃত্য জগতের দিকপালরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।

আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।

Chayapoth Publication Facebook Page



একটি উন্নততর আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

# সরবেড়িয়া আন্-নূর মিশন

রেজিস্টার্ড অফিস : সরবেড়িয়া, পোঃ-এফ.এস. হাট, থানা - ন্যাজাট, জেলা - উঃ ২৪ পরগনা, পিন : ৭৪৩৩২৯

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Website : annoormission.org

প্রতিষ্ঠাতা : মরহুম আলহাজ্ব আব্দুল হামিদ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলিতেছে

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৩ সালে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা অভিভাবক সহ সরাসরি মিশনে এসে Spot Exam এর মাধ্যমে একাদশ শ্রেণিতে কলা ও বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হলে ৭৫ শতাংশ নম্বর বিজ্ঞান বিভাগ ও ৬০ শতাংশ নম্বরে কলা বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে। সত্ত্বর যোগাযোগ করুন।

আসন সংখ্যা সীমিত



মোস্তাক হোসেন
প্রধান পৃষ্ঠপোষক
কর্ণধার
পতাকা শিল্পগোষ্ঠী



Gilr's Hostel



Boy's Hostel



সেখ নুরুল হক
চেয়ারম্যান
অ্যাকাডেমিক কাউন্সিল
অবসরপ্রাপ্ত আই.এ.এস

মাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBBSE | ছাত্রী | ২৮ | ০৩ | ২০ | ০৫ | ৫৮১ |
| | ছাত্র | ০৯ | ০৩ | ০৪ | ০২ | ৫৬৬ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৪ | ০৭ | |



জাকির হোসেন মোল্লা
সম্পাদক
সরবেড়িয়া আন্-নূর মিশন
মোঃ - ৯৭৩২ ৫৩১ ১৭১

উচ্চমাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | >90 % | 90-80 % | স্টার মার্কস | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী (বিজ্ঞান) | ০৮ | ০১ | ০৮ | ০৮ | ৪৬২ |
| | ছাত্র (বিজ্ঞান) | ০৬ | ০১ | ০৬ | ০৬ | ৪৫৪ |
| WBCHSE | ছাত্রী (কলা) | ১৬ | ০০ | ১৪ | ১৬ | ৪৪১ |
| | ছাত্র (কলা) | ০২ | ০০ | ০২ | ০২ | ৪৪১ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৫ | ৩২ | |

আবাসিক শিক্ষক চাই

- জীববিদ্যা
- পুষ্টিবিদ্যা
- পদার্থবিদ্যা
- শিক্ষাবিজ্ঞান
- আরবী (এম.এম)

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

97 34 54 95 05 / 95 64 01 19 06

## দুধ চা খেয়েছি,

# রাজভবন থেকে বেরিয়ে বললেন মমতা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** উপাচার্য নিয়োগ হোক বা পঞ্চায়েত ভোট, একাধিক ইস্যুতে সাম্প্রতিককালে বারবার খবরের শিরোনামে উঠে এসেছে রাজ্য-রাজ্যপাল সংঘাতের খবর। সংঘাতের আবহেই রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করতে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এ খবর প্রকাশ্যে আসতেই তা নিয়ে জোর চর্চা শুরু হয়ে গিয়েছিল বঙ্গ রাজনীতির আঙিনায়। প্রসঙ্গত, সাম্প্রতিককালে উপাচার্য নিয়োগ নিয়ে বারবারই শিক্ষা দফতরের সঙ্গে সংঘাত বেড়েছে রাজভবনের। আসরে নেমেছেন ওমপ্রকাশ মিশ্র, গৌতম পালের মতো শিক্ষাবিদেরা। সুর চড়িয়েছেন খোদ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। যদিও মমতার কথায়, "আমি আজ এসব নিয়ে কোনও আলোচনা করিনি। যখন করব তখন বলব।"যদিও মঙ্গলের বিকালে বৈঠক শেষে বেশ হাসিমুখে বের হতে দেখা গেল মমতাকে। সংবাদিকদের উদ্দেশে বললেন, "চা খেয়েছি। বিস্কুট খাইনি। দুধ চা খেয়েছি।" এদিকে সোমবার থেকে শুরু হয়েছে বিধানসভার বাদল অধিবেশন। কিন্তু, মমতার দাবি, পাশ করারোন মতো বিল হাতে প্রায় নেই। তা এ বিষয়ে কথা বলতেই এদিন তিনি রাজভবনে এসেছিলেন।
রাজভবনের বাইরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মমতা বলেন, "অধিবেশন শুরু হয়েছে। কিন্তু, বিল প্রায় হাতে নেই। কিন্তু, তবু বছরে কতগুলি দিন তো অধিবেশন করতেই হয়। কিন্তু, বিল খুঁজে পাচ্ছি না। সব পাশ হয়ে গিয়েছে আগেই। সেই জন্য রাজ্যপালকে বলে গেলাম দুটো বিল হতে পারে। সেটাও ফাইন্যান্স বিল। সেটা করে দিলে আমরা বিধানসভায় এটা আলোচনা করতে পারি। প্রধানত এ জন্যই আজ এসেছিলাম। আর অন্য কোনও ব্যাপার নয়।"
তবে কী কী বিল সে বিষয়ে এদিন বিশদে বলতে চাননি মমতা। বলেন, "যতক্ষণ বিলটা রাজ্যপাল পাশ না করছেন ততক্ষণ আমরা এ বিষয়ে কিছু বলি না। এটাই নিয়ম।" অন্যদিকে আচার্য বিল নিয়েও কোনও কথা হয়নি বলেও জানান মমতা। স্পষ্ট বলেন, "ওটা তো পড়ে আছে। যখন হবে তখন হবে। ওটা নিয়ে আমি আজকে আলোচনা করিনি।"

## মুখ্যমন্ত্রীর নয়া নিরাপত্তা উপদেষ্টা

# কর্নাটক পুলিশের প্রাক্তন ডিজি






**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নতুন নিরাপত্তা উপদেষ্টা হিসেবে কর্ণাটক পুলিশের প্রাক্তন ডিজি রূপক কুমার দত্তের নিয়োগে সায় দিল রাজ্য মন্ত্রিসভা। রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের আগে থেকেই মুখ্যমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা হিসেবে কাজ করলেও সোমবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে তাঁর নিয়োগ সরকারি ভাবে অনুমোদিত হয়।এদিকে সোমবারের মন্ত্রিসভা বৈঠকে একগুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়। কলকাতা পুলিশে নিয়োগের কথা ঘোষণা করে রাজ্য। এছাড়াও মালদহে গ্রিন বেসড ডিস্টিলারি তৈরি হওয়ার কথা জানানো হয়। এদিকে দার্জিলিংয়ের নিউ চামটায় তৈরি হবে টি রিসর্ট।কর্ণাটক পুলিশের প্রাক্তন ডিজির পাশাপাশি রূপক কুমার দত্তের আরেকটি পরিচয় হল তিনি সিবিআইয়ের প্রাক্তন স্পেশ্যাল ডিরেক্টরও। তিনি মুখ্যমন্ত্রীর উপদেষ্টা হিসেবে নিযুক্ত হওয়া বেশ তাতপর্যপূর্ণ বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। জানা গিয়েছে, মূলত সীমান্তবর্তী অঞ্চলের নিরাপত্তা এবং রাজ্যের আইনশৃঙ্খলা বিষয়ে মুখ্যমন্ত্রীকে পরামর্শ দেবেন তিনি।
প্রসঙ্গত উল্লেখ্য, গত ২১ জুলাই তৃণমূলের শহিদ স্মরণের দিন কালীঘাটে মমতার বাড়ির সামনে থেকে শেখ নুর আমিন নামে এক সন্দেহভাজনককে গ্রেপ্তার করা হয়েছিল। পুলিশের স্টিকার লাগানো গাড়ি নিয়ে সশস্ত্র ওই ব্যক্তি মুখ্যমন্ত্রীর বাড়ির গলির মধ্যে ঢুকে পড়েছিলেন। তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। যে ঘটনায় মুখ্যমন্ত্রীর নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছিল। তারই মধ্যে নয়া নিরাপত্তা উপদেষ্টা হিসাবে দায়িত্বে এলেন রূপক।

## দিলীপ ঘোষ ঘোড়ায় চড়ে

# অমরনাথের পথে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাজ্য বিজেপির অভ্যন্তরীণ রসায়ন নিয়ে পঞ্চায়েত ভোটের পর থেকেই নানান গুঞ্জন রয়েছে। বিশেষ করে সোমবার থেকে একটা ততপরতা দেখা যাচ্ছে দিল্লিতে। সোমবার দিল্লিতে আরএসএস নেতাদের সঙ্গে বৈঠকে বসেছিলেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার ও পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দলের সাংগঠনিক সাধারণ সম্পাদক অমিতাভ চক্রবর্তী।বাংলা বিজেপিতে শুভেন্দু-সুকান্তদের সঙ্গে দিলীপের বিশেষ বনিবনা হচ্ছে না বলে এই একাধিক সূত্রের দাবি। অনেকের মতে, দিলীপের। অনেকের মতে, দিলীপের অমরনাথ যাত্রার ছবিটা সেদিক থেকেও যেন প্রতীকী হয়ে উঠেছে।
পরে রাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর সঙ্গে বৈঠক করেন শুভেন্দু। মঙ্গলবার সকালে একবেলার জন্য তিনি কলকাতায় এসেছিলেন। সন্ধেয় ফের তাঁর দিল্লি যাওয়ার কথা। তা ছাড়া মঙ্গলবার সংসদে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছেন সুকান্ত মজুমদার। বাংলা বিজেপি নিয়ে দিল্লিতে যখন ততপরতা চলছে, তখন মঙ্গলবার দেখা গেল প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও পোস্ট করেছেন। সেখানে দেখা যাচ্ছে তিনি অমরনাথের উদ্দেশে রওনা হয়েছেন। এমনিতে দিলীপ ঘোষ রোজ শারীরিক কসরত করেন। তবে দেখা গেল, পায়ে হেঁটে অমরনাথ দর্শনে যাওয়ার ঝুঁকি নেননি তিনি। ঘোড়া পিঠে চেপে যাচ্ছেন। জানা গেছে, তিনি ২১ জুলাই অমরনাথ যাত্রা করেছিলেন। সোমবারই দিল্লি ফিরেছেন তিনি।


চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১


## হুগলির পর হাওড়ার আমতায়

# বিজেপির কেন্দ্রীয় দল




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভোট পরবর্তী 'হিংসা'র ঘটনা সরেজমিনে খতিয়ে দেখতে বাংলায় এসেছে বিজেপির আরও একটি তথ্যসন্ধানী দল। তফসিলি সম্প্রদায়ের পাঁচ সাংসদের সেই দল রবিবার হুগলির তারকেশ্বর ও আরামবাগের কয়েকটি এলাকা ঘুরে দেখার পর সোমবার গেল হাওড়ার আমতায়। অভিযোগ, পঞ্চায়েত ভোটের সময় সেখানে 'সন্ত্রাস' চালিয়েছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। পুলিশ প্রশাসনকেও হুঁশিয়ারি দেওয়া হয়। বিনোদ বলেন, "এখানে পুলিশ ঠিক মতো তাদের দায়িত্ব পালন করেনি। পুলিশ প্রশাসনকে জানিয়ে রাখছি, তারা একটা রাজনৈতিক দলের মতো কাজ করছে। সেটা বন্ধ করতে হবে। তারা যদি এ রকম কাজ করতে থাকে, তা হলে তৃণমূল নেতা-কর্মীদের বিরুদ্ধে যে রকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, তাদের বিরুদ্ধেও একই রকম পদক্ষেপ করা হবে। বিজেপি ক্ষমতায় এলে সব ঘটনার তদন্ত হবে।"দাবি, শাসকদলের শাসানির কারণেই সেখানকার বিজেপির বহু কর্মী-সমর্থক ঘরছাড়া। আমতার 'হিংসা কবলিত' এলাকা পরিদর্শনের পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করেছে বিজেপির প্রতিনিধি দল। তাদের অভিযোগ, এক জন মহিলা মুখ্যমন্ত্রীর রাজ্যেই মহিলাদের উপর সবচেয়ে বেশি নির্যাতন চলছে। হামলার শিকার হচ্ছেন গরিব-দলিতেরা।পাল্টা আক্রমণ শানিয়েছে শাসক তৃণমূলও। বিজেপির বার বার কেন্দ্রীয় দল পাঠানো নিয়ে প্রশ্ন তোলার পাশাপাশি দলের রাজ্যসভা সাংসদ শান্তনু সেন বলেন, "মণিপুরে দু'জন মহিলাকে বিবস্ত্র করে রাস্তায় প্যারেড করানো হয়েছে। কার্গিল যুদ্ধের সৈনিকের স্ত্রীকেও প্যারেড করানো হয় নগ্ন করে। সে দিক থেকে দৃষ্টি ঘোরাতে বিজেপির এই নাটক গোটা ভারতবর্ষের মানুষ দেখছেন। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো বলছে, বিজেপি শাসিত অনেক রাজ্যের থেকে বাংলা আইনশৃঙ্খলা ও নারী সুরক্ষার দিক দিয়ে অনেক এগিয়ে। সেটা বিজেপি খুব ভাল ভাবে জানে। যারা কুস্তিগিরদের যৌন হেনস্থাকারী ব্রিজভূষণকে মাথায় নিয়ে ঘোরে, তাদের মুখে এ ধরনের কথা মানায় না।"সোমবার বিজেপির কেন্দ্রীয় দল আমতার কাঁকরোলে যায়। অভিযোগ, ভোটের পর সেখানে বিজেপি কর্মীদের বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। সেই সব দলীয় কর্মীদের পরিবারের সঙ্গেই কথা বলে বিজেপির তফসিলি সম্প্রদায়ের পাঁচ নেতার ওই দল। দলে ছিলেন্ত বিনোদ সোনকর, সুরেশ কশ্যপ, এস মুনিস্বামী, মনোজ রাজোরিয়া এবং বিনোদ চাবড়া। পরে সাংবাদিক বৈঠকে প্রয়াগরাজের সাংসদ বিনোদ সোনকর বলেন, "এ রাজ্যের মুখ্যমন্ত্রী গণতন্ত্র নিয়ে কথা বলেন। অথচ, এই রাজ্যে গণতন্ত্রকে কী ভাবে ধ্বংস করা হচ্ছে, তা আপনারা সাংবাদিকরা সারা দেশের সামনে তুলে ধরুন। এক জন মহিলা মুখ্যমন্ত্রীর রাজ্যেই মহিলাদের উপর সব থেকে বেশি নির্যাতন চলছে। গরিব ও দলিত মানুষদের উপর সব থেকে বেশি অত্যাচার হয়েছে।"

## অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলা থেকে


# সরে দাঁড়ালেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলা থেকে সরে দাঁড়ালেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। কোন বিচারপতির বেঞ্চে মামলার শুনানি হবে তা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন হাই কোর্টের প্রধান বিচারপতি। তাঁর কাছেই পরামর্শ চেয়েছেন বিচারপতি ঘোষ। তবে মামলার বেঞ্চ বদল না হওয়া পর্যন্ত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের রক্ষাকবচ বহাল রাখার মৌখিক আশ্বাস দিয়েছেন বিচারপতি।এরপরই মামলাটির বিচারপ্রক্রিয়া থেকে সরে দাঁড়ান বিচারপতি ঘোষ। তাঁর প্রশ্ন ছিল, অপরাধমূলক মামলা ও সাধারণ মামলা কি একই বেঞ্চে শুনানি হতে পারে? এরপরই প্রধান বিচারপতি দ্বারস্থ হন তিনি। তবে যতদিন না মামলা অন্য বেঞ্চে যাচ্ছে ততদিন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের রক্ষাকবচ বহাল থাকবে বলেই মৌখিক আশ্বাস দেন বিচারপতি। নিয়োগ দুর্নীতিতে কুন্তল ঘোষের চিঠি মামলায় এফআইআর থেকে অব্যাহতি চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। সেই মামলায় রক্ষাকবচ পেয়েছিলেন অভিষেক। সোমবারই তার মেয়াদ শেষ হয়। এদিন আদালতে ওঠে মামলা। কিন্তু বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে মামলার শুনানি নিয়ে আপত্তি জানায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। তাদের দাবি, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত সমস্ত মামলার শুনানি হচ্ছে বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে। এই মামলারও সেখানেই শুনানি হোক। নাহলে

এরপর ৩ পাতায়


সম্রাজ্ঞী
{কবিতা সংকলন}
সম্পাদিকা:- অদিতি আচার্য্য
ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল
লেখা পাঠানোর প্রক্রিয়া
* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling
১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।
নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।
-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 8207240867
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলা চলচ্চিত্র অভিনেতা অভিনেত্রীরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।
Chayapoth Publication Facebook Page

১-ম পাতার পর

## জঙ্গি সংগঠনের নামেও ইন্ডিয়া থাকে:মোদী

নিয়েছে। এটা আমাদের সরকারের দ্বিতীয় মেয়াদের শেষ বছর। কিন্তু, এটি একটা নতুন সূচনাও বটে। কারণ, ২০২৪ সালে আমরা আবার সরকার গঠন করব।" এরপরই বিরোধীদের সম্পর্কে তিনি বলেন, "যেভাবে ব্রিটিশরা এসে নিজেদের নাম দিয়েছিল ইস্ট ইন্ডিয়া কোম্পানি, একইভাবে বিরোধীরাও নিজেদের ইন্ডিয়া নামে তুলে ধরছে। এমনকি, ইন্ডিয়ান মুজাহিদিন, পপুলার ফ্রন্ট অব ইন্ডিয়ার মতো সন্ত্রাসবাদী সংগঠনগুলির নামেও ইন্ডিয়া রয়েছে।"

১-ম পাতার পর

## ফের দিল্লি গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু

বিজেপি পরিষদীয় দল সূত্রে খবর।তবে মনে করা হচ্ছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাত করতেই তড়িঘড়ি রাজধানী গেলেন শুভেন্দু। বিকেল তিনটের বিমানে দিল্লি রওনা দেবেন তিনি। সোমবার রাতেই দিল্লি থেকে ফিরেছিলেন তিনি। আর মঙ্গলবার ফের তাঁর দিল্লিযাত্রা নিয়ে জল্পনা শুরু হয়েছে। রাষ্ট্রীয় স্বয়ং সেবক সঙ্ঘের বৈঠকে যোগ দিতে রবিবার রাতে দিল্লির রওনা হয়েছিলেন শুভেন্দু। সোমবার সেই বৈঠক শেষ করে রাতেই কলকাতায় ফিরে আসেন তিনি।সোমবার সকালে কলকাতার এসএসকেএম হাসপাতালে মারা যান ধূপগুড়ির বিজেপি বিধায়ক বিষ্ণুপদ রায়। মঙ্গলবার তাঁর মরদেহ আনা হয়েছিল বিধানসভায়। সেখানে সতীর্থ বিধায়কের শেষ যাত্রার প্রস্তুতি এবং তাঁকে শ্রদ্ধা জানানোর বিষয়ে ব্যস্ত ছিলেন বিরোধী দলনেতা। প্রয়াত বিধায়কের দেহ ধূপগুড়ি রওনা হওয়ার পর বিধানসভাতেই বিজেপি পরিষদীয় দলের সদস্যদের নিয়ে বৈঠক করেন তিনি। বৈঠক শেষ করে দমদম বিমানবন্দরের উদ্দেশে রওনা দিয়েছেন শুভেন্দু। মনে করা হচ্ছে, সোমবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দিল্লিতে তাঁর যে বৈঠক হওয়ার কথা ছিল, সেই বৈঠক ওই দিন হয়নি। তাই জরুরি বৈঠক করতে আবারও মঙ্গলবার তাঁকে দিল্লিতে তলব করেছেন শাহ। সেই ডাকে তড়িঘড়ি তাঁর দিল্লিযাত্রা।

১-ম পাতার পর

## একমাত্র ভগবানই পশ্চিমবঙ্গকে বাঁচাতে পারে', নিয়োগ দুর্নীতি মামলায় মন্তব্য বিচারপতির

রাজনীতি জড়িয়ে যাচ্ছে। প্রাথমিকে শিক্ষক নিয়োগ হলেই তা নিয়ে মামলা হয়ে যাচ্ছে। এটা তো দেখছি, ভগবান ছাড়া পশ্চিমবঙ্গকে কেউ বাঁচাতে পারবে না।'এই আবহে বিস্ফোরক মন্তব্য করলেন সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত। ভগবানই বাঁচাতে পারে পশ্চিমবঙ্গ রাজ্যকে বলে মন্তব্য করেছেন তিনি।

এই মন্তব্য নিয়ে এখন জোর চর্চা শুরু হয়ে গিয়েছে। সুপ্রিম কোর্টের বিচারপতি অনিরুদ্ধ বসু এবং দীপঙ্কর দত্তের ডিভিশন বেঞ্চে এসএসসি'র একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ নিয়ে একটি মামলা চলছিল। তখনই রাজ্যের শিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেন বিচারপতি। আজ, মঙ্গলবার আবার এই মামলার শুনানি হবে। তবে প্রথমেই সুপ্রিম কোর্টের বিচারপতি প্রশ্ন তুলে দিয়ে বলেন, 'হচ্ছেটা কী? সব নিয়োগের ক্ষেত্রেই কি রাজনীতি হচ্ছে? প্রাথমিকে নিয়োগে হলেই প্রশ্ন উঠে যাচ্ছে। শিক্ষক নিয়োগ দুর্নীতিতে যা হয়েছে তা পুরোপুরি রাজনৈতিক বলে মনে করেন বিচারপতি। এদিকে বিচারপতির এই মন্তব্য শুনে আইনজীবীরা তাঁকে জানান, এটা প্রাথমিক নিয়োগ মামলা নয়। এটা এসএসসি'র একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগে ওএমআর শিট গণ্ডগোল সংক্রান্ত মামলা। এটা শুনে আরও ক্ষুব্ধ হন বিচারপতি দীপঙ্কর দত্ত। তিনি বলেন, 'সেটা যাইহোক, একমাত্র ভগবানই পশ্চিমবঙ্গকে বাঁচাতে পারেন।' এসএসসি'র একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলার শুনানি ছিল সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্তের বেঞ্চে। সেখানেই তিনি ওই মন্তব্য করেন বলে আদালত সূত্রে খবর।

## মনিপুরের ঘটনার প্রতিবাদে

## জীবনতলায় মহিলাদের প্রতিবাদ মিছিল, শোভা থেকে নওশাদ সিদ্দিকীকে কুলাঙ্গার বলে খোব উগরে দিলেন শওকত মোল্লা



**জীবনতলা : নিউজ সারাদিন :** মনিপুরে দুই মহিলাকে ধর্ষণের পর বিবস্ত্র করে ঘোরানোর প্রতিবাদে এবার পথে নামলেন গ্রামের দক্ষিন ২৪ পরগনার প্রত্যন্ত গ্রামের মহিলারা। ক্যানিং ২ ব্লকের মহিলা তৃণমূল কর্মীদের নিয়ে গঠিত বঙ্গ জননী কমিটির মহিলারা এদিন মুখে কালো কাপড় বেঁধে ধিক্কার মিছিল করেন কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে। এই মিছিলে নেতৃত্ব দেন রাজ্য তৃণমূলের সাধারণ সম্পাদক তথা ক্যানিং পূর্বের বিধায়ক শওকাত মোল্লা। মঙ্গলবার সকালে জীবনতলা থানা থেকে জিবনতলা বাজার পর্যন্ত কয়েক হাজার মহিলা তৃণমূল কর্মীদের সাথে নিয়ে এই মিছিল অনুষ্ঠিত হয়। এছারাও ছিলেন তৃণমূলের সাধারণ কর্মী ও সমর্থকরা। বিগত দু মাসের বেশি সময় ধরে মনিপুরে অশান্তি চলছে। ইতিমধ্যেই একের পর এক বাড়ি, গাড়ি ভাংচুর হয়েছে, আগুন লাগানো হয়েছে। এই অশান্তি থামানোর কোন উদ্যোগই নিচ্ছে না কেন্দ্রীয় সরকার। এরই মধ্যে সম্প্রতি দুই মহিলাকে ধর্ষণের পর বিবস্ত্র করে ঘোরানোর ভিডিও সামনে এসেছে। আর তা নিয়েই দেশের রাজনীতি উত্তাল। সমস্ত রাজনৈতিক দল এর নিন্দা করেছে। বুদ্ধিজীবী থেকে শুরু করে সুশীল সমাজ এই ঘটনার প্রতিবাদে রাস্তায় নেমেছেন। এবার সেই আন্দোলনে পা মেলালেন দক্ষিন ২৪ পরগনার প্রত্যন্ত গ্রামের মহিলারা। মঙ্গলবার সকালে ক্যানিং পূর্বের বিধায়ক সওকাত মোল্লার নেতৃত্বে এই মিছিলে যোগ দেন গ্রামের মহিলারা। কেন্দ্রের একের পর এক জনবিরোধী নীতিরও প্রতিবাদ করেন তাঁরা।

## সোনারপুর রাজপুরে কাউন্সিলর নিখোঁজের

## পোস্টার এলাকায় চাঞ্চল্য




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কাউন্সিলর নিখোঁজ, এবার কাউন্সিলর এর বিরুদ্ধে নিখোঁজের পোস্টার পড়লো একাধিক জায়গায়। ঘটনাটি ঘটেছে রাজপুর সোনারপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডে। সেই পোস্টারে লেখা রয়েছে, ৬ নম্বর ওয়ার্ডের নিখোঁজ কাউন্সিলরের কাছে এলাকাবাসীর আবেদন গড়িয়া স্টেশন সংলগ্ন কয়লাপট্টির গুরুত্বপূর্ণ রাস্তাটি অতিশীঘ্রই মেরামত করুন। ৬ নম্বর ওয়ার্ড অধিবাসীবৃন্দ। এভাবেই একাধিক জায়গায় কাউন্সিলর দিপালী নস্করের বিরুদ্ধে পোস্টার লাগিয়ে সরব হয়েছেন এলাকাবাসীরা। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ কোন বিষয়ে কাউন্সিলর এর কাছে গেলে তাকে পাওয়া যায় না। শুধু ভোটের সময় ভোট চাইতে আসে, ভোটের শেষে স্বামীর হাতে সবকিছু তুলে দেয়। তারপর গোটা ওয়ার্ড তিনি দেখাশোনা করেন। স্থানীয় বাসিন্দারা জানান অবিলম্বে এই রাস্তা না হলে তারা প্রথমে রাস্তা অবরোধ পরে বৃহত্তর আন্দোলনে নামবেন।

## বাংলা সাহিত্যের অন্যতম সেরা লেখিকা, সম্পাদিকা,

## ছায়াপথ প্রকাশনীর কর্মকর্তি তথা বাংলা সাহিত্যে প্রাণ অদিতি আচার্য্য মহাশয়ার বাড়িতে একগুচ্ছ প্রশ্ন নিয়ে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথমেই জেনে নেব কেমন আছেন সম্পাদিকা?

অদিতি:- দিনের পর দিন যেভাবে বাংলা সাহিত্যের পাঠক সংখ্যা বাড়ছে ভালো তো থাকেই হবে বেশি করে।

রিপোর্টার:- অদিতি সম্পাদনা ছাড়াও কি করছেন আজ কাল?

অদিতি:- দেখুন আমি আদ্যোপান্ত একটা বই পোকা বলতে পারেন, পড়াশোনা তো চলছেই, অ্যাকাডেমিক পড়াশোনা বলতে চাইলে এখন ইইঅ নিয়ে পড়ছি, যেহেতু সেশন এখনও শুরু হয়নি তাই পুরো সময়টাই লেখালিখি, গান শোনা, বাড়ির কাজ আর ছাত্র ছাত্রী পড়ানো নিয়েই কাটছে।

অদিতি কি খুব ফুডি? কি কি খেতে ভালোবাসে অদিতি?

অদিতি:- সে আর বলতে, আমরা বাঙালিরা কিন্তু বিশেষ ভাবে প্রসিদ্ধ খাওয়া দাওয়ার জন্যে, খাওয়া দাওয়াটা কিন্তু আমাদের শুধু মাত্র উদরপূর্তির জন্যে নয়, বাঙালির খাওয়া দাওয়াটা হলো একটা আবেগ।

খেতে আমি প্রায় সব কিছুই ভালোবাসি, বিশেষ করে বাঙালি খাবার, যেমন - ভেটকির পাতুরি, ইলিশ, পাঠার মাংস, সোনা মুগ দাল, চিংড়ি, পোলাও, মিষ্টি দই, রস মালাই আর শেষ পাতে যদি বাটারস্কচ আইস ক্রিম পাওয়া যায় তাহলে ব্যাপারটা জমে যায়। ফাস্ট ফুড ও আমার প্রায় প্রতিদিনের সাথী।

বা বাঃ, বোঝাই যাচ্ছে খাওয়া দাওয়ার প্রতি সম্পাদিকা বিশেষ প্রেম রয়েছে।

তা সম্পাদিকা কি এপার বাংলার নাকি ওপর বাংলার?

অদিতি:- এপার বাংলা আর ওপার বাংলা বলতে আমি কিছুই বুঝিনা, সাহিত্য, সংস্কৃতি, ভালোবাসা, খাওয়া দাওয়া, শিল্প কি কোনো বেড়া জাল মানে নাকি, আমি সমগ্র বাংলার, অরিজিন জানতে চাইলে বলবো ঠাকুরদা এসেছিলেন ওপার বাংলা থেকে।

অদিতির পরিবারে কে কে আছেন? অদিতি:- বাবা, মা, দাদা, বৌদিভাই, ভাইপো, আমি আর আমাদের সবার প্রিয় টিনটিন(আমাদের বেড়াল)।

অদিতির প্রেম তাহলে শুধু সাহিত্যের প্রতিই সীমাবদ্ধ নয়, তার এই বিশাল হৃদয়ে স্থান পায় জিব জগৎও।

আবার প্রশ্নে ফিরে যাই,

অদিতির জীবনে কি প্রেম এসেছে ইতিমধ্যে?

অদিতি:- দেখুন এটা একটা সিরিয়াস টপিক, প্রেম বিষয়টা ঠিক যতোটা সোজা আবার ঠিক ততটাই কঠিন, আজকের সমাজেতো আরওই কঠিন। কেনো জানেন আজকের দিনে আমরা সবাই প্রেম করি, প্রেমে পড়ি না। প্রেমটা আজকের দিনে কেমন পানশে মনে হয়, মনে হয় কেমন যেনো একটা চুক্তি, যেখানে আবেগের চেয়ে আশা বেশি, যেখানে স্বার্থপরতা রয়েছে, সমর্পণ নেই, বিশ্বস্ততা নেই সেখানে প্রেম খুঁজে পাওয়াটা সত্যিই দুষ্কর। এরম ব্যাক্তিত্ব আসেনি তাই প্রেমটাও আমার কাছে অধরাই রয়ে গেছে।

অদিতি জীবনে কেমন মানুষ আশা করেন? অদিতি:- দেখুন কিছু মনে করবেন না, এই প্রশ্নটা আর কোনো দিনও কাউকে করবেন না দয়া করে, অভিনেতা অনির্বাণ দার মতো আমার উত্তর ও ওই একই হবে, যখন এই প্রশ্নটা কেউ করে ঠিক তখন নিজেকে না পণ্য মনে হয়, আপনি ব্যাবসায় লাভ ক্ষতির হিসেব করবেন, বাজারে মাছ কিনবেন কিছু আশা রেখে, কিন্তু সম্পর্ক বিষয়টা ঠিক এরম নয়, এখানে দুজন মানুষ আসে, তারা একে অপরের প্রেমে পড়ে, অনেক সমর্পণ, স্বার্থত্যাগ করে তারা একসাথে জীবন কাটায়।

তাই সেখানে বেছেনেওয়া বা বাছাই হওয়ার বিষয়টা কেমন একটা লাগে।

অদিতির এই সম্পাদিকা অদিতি হয়ে ওঠার রহস্য কি? বাবা মার এবং কার কার সহযোগিতা পেয়েছে অদিতি তার এই সাহিত্যচর্চার ক্ষেত্রে?

অদিতি:- সত্যি কথা বলতে, মানুষ একরাতেই যে কি অনেক কিছু পেয়ে যায় তা কিন্তু নয়, রহস্য বলতে সারাদিনের অনুভূতি গুলো জমিয়ে রেখে পড়াশুনোর শেষে রাতে শুরু করতাম কাজ, এর পর আস্তে আস্তে এগুলোই নেশা হতে লাগলো, কাজ বাড়লো, পাঠকরা ভালোবাসা দিল এই আর কি।

সত্যি কথা বলতে আমার বাবা মার মতো বাবা মা পেয়েছিলাম বলেই হয়তো আজ আমি এই সব কিছু করতে পেরেছি। বাবা মা কখনোই কোনো কিছুতেই বাধা দেয়নি, যা যা করতে চেয়েছি পাশে থেকেছে এখনও থাকে, তাই আজ আমি যা কিছু তার পুরো ক্রেডিটটা একমাত্র আমার বাবা মার এবং অবশ্যই আমার প্রিয় পাঠকদের।

এবার সম্পাদিকা সাথে আমরা খেলবো রেপিড ফায়ার, কিছু প্রশ্ন করবো দুটো অপশন থাকবে, অদিতি যেকোনো একটা বেছে নিতে হবে, স্কিপ করা যাবে না।

১. সত্যজিৎ রায় নাকি হৃত্বিক ঘটক?

অদিতি:- সত্যজিৎ রায়,

২. ইস্ট বেঙ্গল নাকি মোহনবাগান?

অদিতি:- মোহনবাগান।

৩. ওয়েস্টার্ন ড্রেস নাকি বাঙালি সাজ?

অদিতি:- বাঙালি সাজ অবশ্যই, কোনো কথা হবে না।

৪. চিংড়ি নাকি ইলিশ?

অদিতি:- এই রে! দুটোই আমার প্রিয়। চলো চিংড়ি।

৫. এ্যারেঞ্জ ম্যারেজ নাকি লাভ ম্যারেজ?

অদিতি:- এই সব আবার কি! এসব কি বলতেই হবে?

এটা পাস প্লিজ।

৬. সম্পাদিকা অদিতি নাকি সাহিত্যিক অদিতি?

অদিতি:- সাহিত্যিক ঠিক নয় লেখিকা অদিতি।

৭. গানশোনা নাকি বইপড়া?

অদিতি:- গানশোনা

৮. জুবিন নৌটিয়াল নাকি অরিজিৎ সিং?

অদিতি:- অরিজিৎ সিং ইজ লাভ।

৯. পাহাড় নাকি সমুদ্র?

অদিতি:- পাহাড়।

লাস্ট প্রশ্ন।

১০. ফুচকা নাকি আইসক্রিম?

অদিতি:- দুটোই।

না ম্যাডাম যেকোনো একটা,

অদিতি:- তাহলে আইসক্রিম।

এতক্ষণ আমাদের সাথে ছিলেন বাংলার উদীয়মান সেরা সম্পাদক সম্পাদিকাদের মধ্যে অন্যতম বিশিষ্ট সম্পাদিকা অদিতি আচার্য্য ওনার আগামী ভবিষ্যতের জন্যে অনেক অনেক শুভকামনা রইলো, আরো সমৃদ্ধ হোক বাংলা সাহিত্যে অদিতির হাত ধরে, এই প্রার্থনা করি।

২ পাতার পর

## অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলা থেকে সরে দাঁড়ালেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ

বিচারপ্রক্রিয়া বাধাপ্রাপ্ত হবে। অভিষেকের তরফের আইনজীবী অভিষেক মনু সিঙভির পালটা যুক্তি ছিল, বিচারপতি ঘোষের এজলাসে ৪৮২ ধারা অর্থাত এফআইআর খারিজের আবেদনের শুনানি হয়। তাই তাঁর এজলাসের দ্বারস্থ হয়েছেন ডায়মন্ড হারবারের সাংসদ। কিন্তু নিজেদের যুক্তিতে অনড় ছিল ইডি। ইডিকে নিশানা করে সিঙভি বলেন, 'ইডি অত্যন্ত শক্তিশালী ও প্রভাবশালী একটি সংস্থা। তবে আদালতকে এভাবে প্রভাবিত করা যায় না।' তিনি অন্যান্য একাধিক মামলার উদাহরণ তুলে ধরেন যা অন্য এজলাসে শুনানি হচ্ছে।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২০৫ সংখ্যা ২৬ জুলাই, ২০২৩ বুধবার ০৯ শ্রাবণ, ১৪৩০

## সম্পাদকীয়

# মোদী সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে পারে ইন্ডিয়া

বিশ বছর আগের ঘটনা। ২০০৪ সালের লোকসভা ভোটের ঠিক এক বছর আগে কেন্দ্রে অটলবিহারী বাজপেয়ী সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিল কংগ্রেস ও বামেরা। সংসদে সেই স্মৃতি যেন ফিরছে। কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার কথা ভাবছে বিরোধী জোট ইন্ডিয়া ।এদিন বিরোধী দলের বৈঠকের পর কংগ্রেসের এক প্রবীণ নেতা দ্য ওয়ালকে বলেন, অনাস্থা প্রস্তাব আনার ব্যাপারে একটা আলোচনা জোটের মধ্যে রয়েছে। তবে এ ব্যাপারে এখনও সর্বসম্মতি নেই। অনেকে সঙ্গতভাবে মনে করছেন, মণিপুর নিয়ে যখন মোদী সরকার ল্যাজেগোবরে হয়ে গেছে, তখন এটা নিয়েই আরও চাপ দেওয়া হোক। এর পর অনাস্থা প্রস্তাব আনা যেতে পারে।

মণিপুর ইস্যুতে সংসদের দুই কক্ষেই অচলাবস্থা চলছে। এরই মধ্যে মঙ্গলবার সকালে এনডিএ-র সংসদীয় দলের বৈঠক ডেকেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানে তিনি বলেন, এখন সূর্যোদয়ের ঠিক আগের সময়। এক বছর বাদে লোকসভা ভোট। তাই ঘুম থেকে উঠে নতুন করে প্রস্তুতি শুরু করে দিন।

মোদী যখন এই ভোকাল টনিক দিচ্ছেন, তখন সংসদে পাল্টা বৈঠকে বসেছিলেন ২৬টি বিরোধী দলের নেতারা ।তবে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত এখনও হয়নি।

এমনিতে লোকসভায় বিরোধীরা অনাস্থা প্রস্তাব আনলেও মোদী সরকারের বিচলিত হওয়ার কারণ নেই। কারণ, লোকসভায় বিজেপির একারই সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। কিন্তু অনাস্থা প্রস্তাব আনার অর্থ হল, সব বিরোধী দল কেন্দ্রে বর্তমান সরকারের ব্যর্থতা নিয়ে সংসদে মুখ খোলার সুযোগ পাবে। তারা দেখাতে পারবে মোদীর বিরুদ্ধে এককাট্টা 'ইন্ডিয়া'। আবার সেই সব অভিযোগের জবাবও দিতে হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে।

২০০৩ সালে সনিয়া গান্ধী যখন বাজপেয়ী সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন, তখন সংখ্যার তাকতে কংগ্রেস ছিল দুর্বল। তুলনায় অনেকটাই সবল ছিল এনডিএ জোট। কিন্তু সেই অনাস্থা প্রস্তাবকে সামনে রেখে সনিয়া সর্বভারতীয় স্তরে বিরোধী জোট তৈরির সলতে পাকাতে শুরু করে দিয়েছিলেন ।বিজেপি সেই জোটকে শুরুতে খুব একটা গুরুত্ব দেয়নি। বরং বেঙ্কাইয়া নায়ডুরা বাজপেয়ীকে বিকাশ পুরুষ আর লালকৃষ্ণ আডবাণীকে লৌহ পুরুষ আখ্যা দিয়ে 'ভারত উদয়' যাত্রায় সওয়ার ছিলেন। কিন্তু ভোটের ফলাফলে ধরাশায়ী হয়েছিল বিজেপি ও এনডিএ।

# এবার পুরীতে গেলে থাকুন সরকারি ব্যবস্থাপনায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুরী বলতেই বাঙালির মন খুশি-খুশি হয়ে ওঠে। এতদিনে ওড়িশাও বুঝে গিয়েছে, বাঙালিরাই বাঁচিয়ে রেখেছে পুরীধামকে। এহেন পুরীতে এবার পশ্চিমবঙ্গ সরকার চালু করতে চলেছে এ রাজ্যের তীর্থযাত্রীদের জন্য নতুন একটা থাকার জায়গা। আগামীদিনে পুরী গেলে এখানেই উঠতে পারবেন বাঙালিরা ।প্রাথমিক ভাবে জানা গিয়েছে, বিভিন্ন ধরনের রুম ছাড়াও এই বঙ্গনিবাসে থাকবে ডর্মিটরি। বাংলার শৈল্পিক ছোঁয়ায় সেজে উঠবে বঙ্গনিবাস ।পুরীতে 'বঙ্গনিবাস' তৈরি করতে উদ্যোগী হয়েছে রাজ্য। 'নবান্নে' জমা পড়ল আর্কিটেক্ট প্ল্যান। কাজ শুরু এবছরই।

শুধু উদ্যোগই নয়, কাগজে-কলমে কাজও অনেকটা এগিয়ে গেল। আজ, মঙ্গলবার মুখ্যসচিবের কাছে জমা পড়ল এই নির্মাণের প্ল্যান। জানা গিয়েছে, মোট চারটি আর্কিটেক্ট কোম্পানি পৃথক-পৃথক প্ল্যান জমা দিয়েছে। চারটি কোম্পানি মুখ্যসচিবের কাছে আজ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনও জমা দিয়েছে। নবান্নসূত্রেই জানা গিয়েছে, চারটি প্ল্যানই মুখ্যসচিব পাঠাবেন মুখ্যমন্ত্রীর কাছে। মুখ্যমন্ত্রীই পাকাপাকি ঠিক করবেন চারটি প্ল্যানের মধ্যে কোনটি আদতে নির্মিত হবে।জানা গিয়েছে, মার্চ মাসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পুরীতে গিয়ে জমি দেখে এসেছিলেন। সেই সময়ে তিনি দেখাও করেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের সঙ্গে। দুএকর জমি দিয়েছে ওড়িশা সরকার।

# পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই কারণে বিশ্বজুড়ে আজ মহামারি আকার ধারণ করেছে, তেমনি ইঙ্গিত পাওয়া যাচ্ছে আধ্যাত্বিক দিক দিয়ে।পৃথিবীতে যখন পাপের ভরপুর হয়েছে, তখনই পৃথিবীর কোনো না কোনো কারণে ধ্বংস করেছে পৃথিবীর রক্ষা কর্তা।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



যারা ভাবছে যে আমার ক্ষতি করেছে , তাদের ধারণাটাই ভুল ঈশ্বর তার প্রমান দেবে সময় মতো। হাজার ক্ষতি করতে চাইলেও ঈশ্বর সর্বদাই সৎ মানুষের সাথে থাকে তার প্রত্যক্ষ পরমান আমি নিজে। আমাদের পুকুরের বিষ দিয়ে করতে করতে চেয়েছে ঈশ্বর তার বিচার করবে অনিবার্য, তাই আমরা ঈশ্বর মানি আর নাই বা মানি সারা বিশ্বজুড়ে মায়ের প্রভাব বিস্তার লাভ করে রয়েছে এই ধরাধামে। ঈশ্বর ছাড়া এই পৃথিবীতে বাঁচার কোন রাস্তাই নেই, ঈশ্বরী পারে একটা মানুষকে যত যত যোগ্য স্থানে পৌঁছে দিতে। তবে রাজনৈতিক হিংসা মানুষকে যেভাবে নাস্তানাবুদ করে আর ঈশ্বর তার একের পর এক বিচার-বিবেচনা করতেই থাকে। ঈশ্বর পারে না এমন কোন কাজ নেই এটা আমি আমার জীবনের উপলব্ধি দিয়ে বলতেই পারি। ঈশ্বর আমরা বিভিন্ন রূপে, বিভিন্নভাবে, বিভিন্ন বিষয়ে তাকে দেখে মানুষের মধ্যে ঈশ্বর যেন বিরাজমান। তাই বলবো মানুষ যত অসহায়হয়ে পড়ে তার বুদ্ধি বিবেক এবং জ্ঞান ততটাই লোপ পেয়ে যায়। কে প্রকৃত বন্ধু আর কে বন্ধু নয় সেটি বিপদে পড়লে সবকিছু পরিষ্কার হয় নিজের কাছে।এ প্রসঙ্গে নিজের কিছু উপলব্ধি কথা না লিখলে আজ আমার এই লেখাটি আপনাদের কাছে অসম্পূর্ণ হয়ে যাবে।অনেকেই আমাকে বলেছে তুমি সাংবাদিকতা কেন করছ এটা ছেড়ে দাও আমি স্বামী বিবেকানন্দর কথামতো বলেছিলাম ঈশ্বর যা করার আমি তাই করছি। স্বামী বিবেকানন্দ ঈশ্বরের স্বরূপ ছিলেন, এ প্রসঙ্গে হয়তো অনেকের অজানা। স্বয়ং ঈশ্বর বিবেকানন্দকে দিয়ে সব কাজ করিয়ে নিয়েছে, সে প্রসঙ্গে একটু বলে রাখাই ভালো।স্বামী বিবেকানন্দ এর একটি ঘটনা স্বামীজী একবার তাঁর শিষ্য ও ব্রহ্মচারীদের একটি তাঁর জীবনে ঘটে যাওয়া ঘটনা বলেছিলেন - একবার তিনি ট্রেনে করে কোথাও যাচ্ছিলেন। তিনি যে কামড়ায় ছিলেন, সেখানে এক ভদ্রলোক তাঁকে অনেক্ষন ধরে লক্ষ্য করছিলেন।এক সময় সেই ভদ্রলোক স্বামীজীর কাছে এসে বসলেন। স্বামীজী তার দিকে বিশেষ নজর না দিয়ে দেশের ও দেশের মানুষের কথা ভাবছিলেন।তার তখন প্রচন্ড খিদেও পেয়েছিল। যাইহোক, লোকটি কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ স্বামীজীকে বললেন - এ জীবন কেন বেছে নিলেন ? আপনার বয়স এখন খুব কম। আপনি এই বয়সে কর্ম ত্যাগ করে এই গেরুয়া বসন পরে ঘুরে বেড়াচ্ছেন।আলস্য জীবন যাপন করে কি লাভ ? খেটে খেতে শিখুন, এতেই সব আনন্দ।পরের দয়ায় পেট চালিয়ে লাভ কি ? স্বামীজী ভদ্রলোকের সব কথা শুনলেন। কিন্তু কোনো রকম প্রতিক্রিয়া না করে শুধু বললেন - আমি ঈশ্বরে বিশ্বাসী, তিনি যা করান আমি তাই করি। খানিকক্ষণ বাদে একটি ষ্টেশন এলো, স্বামীজী এবং সেই ভদ্রলোক দুজনেই সেখানে নামলেন। ভদ্রলোকটি স্বামীজীকে জিগ্গেস করলেন- সঙ্গে কোনো খাবার আছে কিনা ? থাকলে সেটা খেয়ে নিন। স্বামীজী বললেন - আমার সঙ্গে কোনো খাবার নেই। ভদ্রলোকটি বললেন - এটাই তো স্বাভাবিক। কর্ম না করলে অর্থ আসে না।আর অর্থ না থাকলে খাবারও আসে না। তাই দেখুন আপনার কাছে খাবার নেই আর আমি দিব্যি এখন খাবো। এই বলে ভদ্রলোকটি সঙ্গে থাকা খাবার খেতে আরাম্ভ করলেন। স্বামীজী শুধু লোকটিকে বললেন - আমি ঈশ্বরের কৃপায় থাকি, তিনি যা করান আমি তাই করি। এই বলে স্বামীজী কাছেই একটি গাছের তলায় গিয়ে বসলেন। লোকটি খাবার খেতে খেতে স্বামীজীকে লক্ষ্য করতে লাগলেন। কিছুটা রাগান্বিত ভাবেই দেখতে লাগলেন। এবং মনে মনে ভাবতে লাগলেন- ঈশ্বর ঠিকই করেছেন, এই বয়সে কর্ম ত্যাগ করলে এই ভাবে অনাহারে থাকতে হয়।ঐদিকে স্বামীজী প্রচন্ড খিদে নিয়ে চুপ করে গাছের তলায় বসে আছেন।এমন সময় এক ভদ্রলোক স্বামীজীর সামনে এসে দাঁড়ালেন। সঙ্গে তার প্রচুর খাবার। তিনি স্বামীজীকে জিগ্গেস করলেন - আপনিই কি স্বামী বিবেকানন্দ ? স্বামীজী বললেন - হ্যাঁ। লোকটি করোজোড়ে নতজানু হয়ে স্বামীজীকে বললেন - গতকাল রাত্রে আমাকে স্বপ্নে আমার ইষ্টদেব আমার ভগবান দর্শন দিয়ে বললেন - আগামীকাল এই গাছের তলায় আমার এক ভক্ত অভুক্ত অবস্থায় থাকবে, তাঁকে তুই অবশ্যই খাওয়াবি। তাঁর নাম স্বামী বিবেকানন্দ। এই বলে লোকটি স্বামীজীকে তার আনা খাবারগুলো গ্রহণ করতে বললেন। স্বামীজী হাসি মুখে তাকে আশির্বাদ করলেন। এই দেখে সেই খাবার খাওয়া ভদ্রলোকটি অবাক। তিনি সঙ্গে সঙ্গে স্বামীজীর কাছে এসে তার পা দুটি জড়িয়ে ধরলেন। এবং বললেন - আমাকে ক্ষমা করুন মহারাজ, আমি নির্বোধ, আমি আপনাকে চিনতে পারিনি। অহংকার বশতঃ আপনাকে অনেক অপমান করেছি। আমাকে আপনি ক্ষমা করুন। স্বামীজী তাকে বুকে জড়িয়ে ধরলেন, এবং বললেন- এই জগতে কাউকে তাচ্ছিল্য করতে নেই।এসব প্রসঙ্গ একটাই কথা বলার ছিল ঈশ্বর চিরকাল বিশ্বজুড়ে ছিল থাকবে আছে। ঈশ্বর ছাড়া জীবের কোন গতি নেই, মা যাকে দিয়ে যা করায়, তাই সে কাজটি করে । মা আজো পশ্চিম বাংলার প্রতিটি ঘরে ঘরে বিরাজমান, তাই বীরভূম জেলার রামপুরহাট থানার অন্তর্গত দ্বারকা নদীর পূর্ব পাড়ে অতীতের চন্ডীপুর আজ তারাপীঠে পরিনত হয়েছে। তবে আগেকার শিমূল গাছ আজ আর নেই। নেই খরস্রোতা দ্বারকা নদীটিও। বর্তমানে মহাশ্মশানের ভয়াবহতাও অনেকটাই কমে গিয়েছে। তবে প্রাচীন কালের মতো আজও দেবীর মাহাত্ম্য অমলিন। তারা মায়ের প্রাচীন মন্দিরটি ধ্বংস হওয়ার পর ১২২৫ বঙ্গাব্দে মল্লারপুরের বাসিন্দা জগন্নাথ রায় আটচালা ইট দিয়ে নতুন মন্দিরটি নির্মান করেন। মন্দিরটির টেরাকোটা শিল্প আজও পর্যটকদের নজর টানে। মন্দিরের প্রবেশপথের খিলানের ওপর দেবী দুর্গার মূর্তি রয়েছে। এছাড়াও বিভিন্ন পৌরাণিক আখ্যানও রয়েছে সারা মন্দির জুড়ে। মন্দিরের উল্টোদিকে আছে চন্ডীমন্ডপ। মূল দেবী এখানে তারা কালী। দেবীর মুখ ছাড়া সারা অঙ্গ কাপড়ে আবৃত। আর অন্তরালে কষ্টিপাথরের শিবঠাকুর বর্তমান। রাত আটটার পর মহাকালী দর্শনের বিশেষ ব্যবস্থা মেলে। এছাড়াও মন্দির চত্বরেই রয়েছে বিষ্ণুর দুই পাষাণমূর্তি। তারা মন্দিরে ঈশানকোনের ছোট্ট মন্দিরে চন্দ্রচূড় শিব বর্তমান।এসব তথ্য আমি কোথা থেকে পেয়েছি অনেকের মনে প্রশ্ন জাগতে পারে,ছোটবেলা থেকে সব কিছুর পিছনে একটু অনুসন্ধান করার ইচ্ছা শক্তি আমার প্রবল আছে।সেটাকে কাজে লাগিয়েছি পড়াশোনার মাধ্যমে সব কিছু তথ্য জোগাড় করা,বিভিন্ন পাঠ্যপুস্তক থেকে এসব তথ্য সংগ্রহ করেছি। আজ তা আমার কলমে তুলে ধরছি।রামপুরহাট শহর তান্ত্রিক দেবী তারার মন্দির ও

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## আমিতো অন্তঃসত্ত্বা হইনি, বিয়ের প্রশ্নে কাকে খোঁচা তাপসীর!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সুযোগ পেলে কেউ কাউকে ছাড়েন না। এই যেমন বলিউড অভিনেত্রি তাপসী পান্নু। সম্প্রতি বলিউডের বাকিদের মতো তিনিও #আস্কমিএনিথিং-এ যোগ দিয়েছিলেন। সেখানে শাহরুখ খানের আগামী ছবির পাশাপাশি তার বিয়ে নিয়েও প্রশ্ন ওঠে। তখনই খোঁচা দেওয়ার লোভ সামলাতে পারেননি নায়িকা! বিয়ের দেরি আছে জানিয়েই হাসতে হাসতে খোঁচা দিয়েছেন তাপসী। ব্যক্তিগত জীবনকে ব্যক্তিগত রাখতেই ভালবাসেন তিনি। তাই ব্যাডমিন্টন খেলোয়াড়-প্রশিক্ষক ম্যাথিয়াস বোয়ের সঙ্গে তাঁর সম্পর্ককে প্রকাশ্যে আনেননি। তাই বলে তার অনুরাগীরা জানে না, তা তো নয়। তাই একজনের প্রশ্ন, কবে বিয়ে করছেন তিনি? প্রেমিককেই বিয়ে করবেন? সঙ্গে সঙ্গে তাপসীর খোঁচা দিতে জবাব, কবে বিয়ে করব? এখনও অন্তঃসত্ত্বা নই! তাই এখনই বিয়ে নয়। দেরি আছে। আপনাদের জানিয়েই সাতপাক ঘুরব।

নিন্দুকেরা ততক্ষণে দুইয়ে দুইয়ে চার করতে ব্যস্ত। হালে আলিয়া ভাট, স্বরা ভাস্কর, নেহা ধুপিয়া- সবাই অন্তঃসত্ত্বা হওয়ার পরে বিয়ের পিঁড়িতে বসেছেন। তবে তাপসী কি নাম না করে তাদেরই বিঁধলেন?

আবার কিছু জন বলছেন, তাপসী আগে এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, সন্তানের জন্য বিয়ে করবেন না। বিবাহ-বহির্ভূত সন্তান চেয়েছেন সবসময়। সেই কথাও তিনি হয়তো মনে করিয়ে দিতে চেয়েছেন। তাপসী আরও জানিয়েছিলেন, তখনই বিয়ে করবেন যখন তিনি বিয়ের তাগিদ অনুভব করবেন। এবং সন্তান ধারণের জন্য প্রস্তুত। নানা উদযাপনের মধ্যে দিয়ে বিয়ের পিঁড়িতে বসতে চান না তিনি। ঘরোয়া পরিবেশে কাছের জনদের নিয়ে সাতপাক ঘুরতে চান।

## নিজের পর্নকাণ্ড দিয়েই অভিনয়ে নাম লেখাচ্ছেন শিল্পার স্বামী?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পেশায় ব্যবসায়ী ও শিল্পপতি। তবে বলিউড অভিনেত্রী শিল্পা শেঠির স্বামী হিসেবেই বেশি পরিচিত রাজ কুন্দ্রা। বছর দুয়েক আগে পর্নগ্রাফি মামলায় নাম জড়ায় তার। যার জেরে দীর্ঘ সময় হাজতবাসও হয় রাজ কুন্দ্রার। যদিও পরে জামিন পান তিনি।

জেল থেকে ছাড়া পেলেও জীবনের ওই অধ্যায় ভোলেননি তিনি। এবার সিনেমার পর্দায় সেই অধ্যায় তুলে ধরার পরিকল্পনা তার। তৈরি হতে চলেছে রাজের জীবনীচিত্র। সেই বায়োপিকেই থাকছে রাজের জীবনের ওই কঠিন অধ্যায়। জানা গেছে, নিজের জীবনীচিত্রে মুখ্য ভূমিকায় অভিনয় করতে চলেছেন রাজ নিজেই। এই ছবির মাধ্যমে বলিউডে অভিনেতা হিসেবে আত্মপ্রকাশ করতে চলেছেন শিল্পার স্বামী।

২০২১ সালে পর্নগ্রাফি মামলায় নাম জড়ায় শিল্পী শেঠির স্বামী রাজ কুন্দ্রার। অভিযোগের ভিত্তিতে ওই বছরই হাজতবাস হয় তার। প্রায় দু'মাস জেলে কাটানোর পর ছাড়া পান রাজ। মুম্বাইয়ের আর্থার রোড জেলে ৬৩ দিন কাটিয়েছিলেন তিনি। নিজের জীবনীচিত্রে ওই ৬৩ দিনকেই সব থেকে বেশি প্রাধান্য দিতে চলেছেন তিনি। রাজের এই বায়োপিক কে পরিচালনা করবেন, তা এখনও জানা যায়নি। তবে শোনা যাচ্ছে, সৃজনশীল দিক থেকে ছবির সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত থাকবেন রাজ নিজে। অভিনয় তো করবেনই, পাশাপাশি প্রোডাকশনের কাজের দিকে মন দেবেন শিল্পার স্বামী।

ছবির চিত্রনাট্য সঠিকভাবে লেখার উপরেই সব থেকে বেশি জোর দিচ্ছেন রাজ। রাজের জেলে যাওয়া, সেখানে ৬৩ দিন অতিবাহিত করা থেকে শুরু করে জামিন পাওয়া পর্যন্ত সবটুকুই নিজের বায়োপিকে তুলে ধরতে চান তিনি। চিত্রনাট্য লেখার কাজ শেষ হলেই শুরু হবে ছবির শুটিং।

## প্রকাশ্যে হঠাৎ জাহ্নবীর কান কামড়ে ধরলেন বরুণ!




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমিতে বোনা চিত্রনাট্যের উপর ভিত্তি করে সিনেমা তৈরি করেছেন বলিউড পরিচালক নীতেশ তিওয়ারি। সিনেমার নাম 'বাওয়াল'। এতে জুটি বেঁধেছেন বরুণ ধাওয়ান ও জাহ্নবী কাপুর। ছবির টিজার প্রকাশ্যে আসার পরেই একপ্রস্ত জলঘোলা হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ঘটে যাওয়া হলোকাস্টের মতো নির্মম ঐতিহাসিক এক অধ্যায়কে বলিউডি রোম্যান্টিকতার ছাঁচে ফেলাটা কতটা যুক্তিযুক্ত, তা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় শুরু হয়েছিল জল্পনা। এবার ফের চর্চায় 'বাওয়াল'। তবে এ বার শিরোনামে ছবির দুই তারকা বরুণ ও জাহ্নবী। নেপথ্যে বরুণের আজব কীর্তি।



সম্প্রতি 'বাওয়াল'-এর প্রচার অনুষ্ঠানের জন্য ছবি তুলছিলেন বরুণ ও জাহ্নবী। কালো পোশাকে সেজেছিলেন দু'জনেই। ক্যামেরার সামনে দাঁড়িয়ে ছবি তুলতে তুলতেই হঠাৎ জাহ্নবীর কানে কামড় বসান বরুণ। ঘটনার আকস্মিকতায় হকচকিয়ে যান জাহ্নবীও। বরুণের এই কাণ্ডের ছবি ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায়। অভিনেতার এই কাণ্ড দেখে একটুও মজা পাননি নেটাগরিকেরা। বরং বরুণের উপর বেশ ক্ষুব্ধ তারা। বাস্তব জীবনে ভাল বন্ধু হতে পারেন বরুণ ও জাহ্নবী, তাই বলে ক্যামেরার সামনে এটা কী ধরনের আচরণ! বরুণের কাণ্ড দেখে হতবাক নেটাগরিকেরা।

এর আগেও চলতি বছরেই নিজের এমন এক কাণ্ডের জন্য বিতর্কের মুখে পড়েছিলেন বরুণ। নীতা মুকেশ আম্বানী কালচারাল সেন্টারের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমেরিকার সুপারমডেল জিজি হাদিদ। নিজের পারফরম্যান্সের সময়ে জিজিকে কোলে তুলে আচমকাই তার গালে চুম্বন আঁকেন বরুণ। সেই সময় জিজির চোখেমুখে অস্বস্তির ছাপ ছিল স্পষ্ট। অনুমতি ছাড়াই কী করে এমন কাজ করতে পারেন বরুণ? এই প্রশ্নে বিতর্কের মুখে পড়েছিলেন অভিনেতা। সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় সমালোচনার ঝড় উঠলে পরে অবশ্য বরুণ জানান, পুরো বিষয়টিই নাকি পারফরম্যান্সের অঙ্গ হিসেবে পরিকল্পিত ছিল।

## 'প্রজেক্ট কে'র ফার্স্টলুক প্রকাশ, কটাক্ষের মুখে দীপিকা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** 'প্রজেক্ট কে' সিনেমার নায়িকা হিসেবে দীপিকা পাড়ুকোনের ফার্স্টলুক প্রকাশ পেয়েছে। মঙ্গলবার সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবি প্রকাশ্যেআসার পর থেকেই তৈরি হয়েছে বিতর্ক। সমালোচনা শুরু হয়েছে সিনেমার ফার্স্টলুক নিয়ে। 'হিন্দি বলয়ে আরও এক বিপর্যয়', 'এ আবার কোনও লুক হল নাকি', এমন মন্তব্য করা হয়েছে দীপিকার ছবিতে। অনেকে আবার দীপিকার এই লুককে হলিউড অভিনেত্রী জেন্ডায়ার 'ডিউন' লুকের সঙ্গে তুলনা করেছেন। অভিনেত্রীকে 'সস্তা' কপি বলেও কটাক্ষ করা হয়েছে।

নাগ অশ্বিনের পরিচালনায় 'প্রজেক্ট কে' সিনেমায় অভিনয় করেছেন প্রভাস ও দীপিকা। ছয়শো কোটি টাকা খরচ করে সিনেমাটি তৈরি করা হয়েছে। বাকি অভিনেতাদের মধ্যে রয়েছে অমিতাভ বচ্চন, কমল হাসানের মতো নাম। গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন দিশা পাটানি।

২০২৪ সালের ১২ জানুয়ারি মুক্তি পাবে 'প্রজেক্ট কে'। জুন মাসে ছবির প্রায় ৭০ শতাংশ শুটিং শেষ হয়ে গেছে। অমিতাভ ও দীপিকার নাকি এখনো কিছু অংশের শুটিং বাকি।

প্রতিপক্ষের জালে

# বায়ার্নের ২৭ গোল




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বর্তমানে প্রাক-মৌসুমের ব্যস্ততায় সময় পার করছে বায়ার্ন মিউনিখ। রাতে তারা এফসি রোটাখ এগার্নের মুখোমুখি হয়েছিল। নবম সারির দলটির বিপক্ষে তারা যে কাণ্ড ঘটিয়েছে, এক কথায় 'অবিশ্বাস্য'! ২৭-০ গোলের বড় ব্যবধানে ম্যাচটি জিতে নিয়েছে থমাস টুখেলের দল।

দলের তিনজনই দিয়েছেন ১৫টি গোল। বাকি ১২ গোল এসেছে আরও ১০ জনের পা থেকে। হ্যাটট্রিক পেয়েছেন ৪ বায়ার্ন ফুটবলার।

ম্যাচে ৫টি করে গোল করেছেন ১৮ বছর বয়সী ম্যাথিস টেল, তরুণ ফরোয়ার্ড জামাল মুসিয়ালা ও মার্সেল সাবিতজার। জামাল মুসিয়ালাই তৃতীয় মিনিটেই গোলের সূচনা করেছিলেন। প্রথমার্ধেই তারা ১৮-০ গোলে এগিয়ে ছিলেন। ৩টি গোল এসেছে সার্জিও গ্যানাব্রির পা থেকে। এছাড়া গোল পেয়েছেন- আলফনসো ডেভিস, কনরাড লেইমার, নৌসির মাজরাওই, দায়োত উপামেকানো, লেরয় সানে, রাফায়েল গুয়েরেরেইরো, রায়ান গ্রাভানভের্খ, কিংসলে কোম্যান ও সাদিও মানে।

অবশ্য বায়ার্নের কাছে এর আগেও এমন গোল-পাহাড়ের মুখোমুখি হয়েছিল রোটাখ এগার্ন। ২০১৯ সালের এক ম্যাচে বাভারিয়ারা তাদের ২৩-০ গোলে হারিয়েছিল। এবার সেই মাত্রাও ছাড়িয়ে গেছে জার্মান চ্যাম্পিয়নরা।

# মায়ামিতে মেসির সঙ্গী আলবা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইন্টার মায়ামিতে বসছে বার্সেলোনার তারকা খেলোয়াড়দের মিলনমেলা। লিওনেল মেসির সঙ্গে এরই মধ্যে ফ্লোরিডা ক্লাবে যোগ দিয়েছেন সার্জিও বুশকেটস। এবার তাদের সঙ্গী হচ্ছেন বার্সার সাবেক খেলোয়াড় জর্দি আলবা।

স্প্যানিশ দৈনিক মার্কা জানিয়েছে, মঙ্গলবার আলবার সঙ্গে মায়ামির চুক্তি হয়ে গেছে। কেবল আনুষ্ঠানিক ঘোষণা দেওয়ার বাকি।

একই দিন মায়ামির মালিক হোর্হে মাস বলেন, জর্দি আলবা আজ চুক্তিতে সই করবেন। মেসির অভিষেক শুক্রবার।

আলবা আগের মৌসুমে বার্সার সঙ্গে সম্পর্ক ছিন্ন করেন। ফ্রি ট্রান্সফারে মায়ামিতে যুক্ত হচ্ছেন তিনি। তবে কতদিনের চুক্তি, তা আনুষ্ঠানিক ঘোষণার পর জানা যাবে।

এর আগে মায়ামির জার্সিতে অনুশীলন করতে দেখা গেছে মেসি ও বুশকেটসকে।

# এলিট ক্লাবে ব্রড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ওল্ড ট্রাফোর্ডে অ্যাশেজের চতুর্থ টেস্টে ট্রাভিস হেডকে আউট করে গতকাল বিশেষ এক মাইলফলক স্পর্শ করেন ইংলিশ পেসার স্টুয়ার্ট ব্রড। ইতিহাসের মাত্র পঞ্চম বোলার ও দ্বিতীয় পেসার হিসেবে টেস্ট ক্রিকেটে ৬০০ উইকেটের মালিক এখন তিনি। ব্রডের আগে টেস্ট ক্রিকেটের ইতিহাসে ৬০০ উইকেটের ক্লাবে নাম লিখিয়েছেন মাত্র চারজন–মুত্তিয়া মুরালিধরন, শেন ওয়ার্ন, অনিল কুম্বলে ও জেমস অ্যান্ডারসন।

নামের পাশে ৫৯৮টি উইকেট নিয়ে ওল্ড ট্রাফোর্ডে নেমেছিলেন ৩৭ বছর বয়সী ব্রড। ইনিংসের প্রথম উইকেটটি তিনিই পান, ফেরান উসমান খাজাকে। তবে পরের উইকেটটি পেতে বেশ খানিকটা অপেক্ষা করতে হয়েছে তাকে। প্রথম সেশনের পর আবার শেষ সেশনে ফিরে ৬০০তম উইকেটের দেখা পেয়েছেন তিনি। ব্রডের শর্ট বলে হুক করতে গিয়ে হেড ধরা পড়েন ডিপ স্কয়ার লেগে জো রুটের হাতে। এবারের অ্যাশেজে ব্রড নেমেছিলেন ৫৮৪টি উইকেট নিয়ে। এজবাস্টনে প্রথম টেস্টে ব্রড নেন ৬ উইকেট। লর্ডসে নেন আরও ৫টি। হেডিংলিতেও ৫টি উইকেট নেন তিনি। একমাত্র বিশেষজ্ঞ ইংলিশ পেসার হিসেবে এবারের অ্যাশেজে এখন পর্যন্ত সব কটি ম্যাচই খেলেছেন তিনি।

# এশিয়া কাপের সূচি ঘোষণা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** অবশেষে প্রকাশিত হলো হাইব্রিড মডেলের এশিয়া কাপের সূচি। সূচি অনুযায়ী, আগামী ৩০ আগস্ট পাকিস্তান-নেপাল ম্যাচ দিয়ে শুরু হবে আসর। ৬ দলের মহাদেশীয় প্রতিযোগিতাটি চলবে ১৭ সেপ্টেম্বর পর্যন্ত। বাংলাদেশের এশিয়া কাপ শুরু হবে একদিন পর। অর্থাৎ ৩১ আগস্ট টাইগাররা মোকাবিলা করবে বর্তমান চ্যাম্পিয়ন শ্রীলঙ্কাকে।

বুধবার চলতি বছরের আসন্ন এশিয়া কাপের সূচি প্রকাশ করেছে আইসিসি। আগামী অক্টোবর-নভেম্বরে অনুষ্ঠেয় ওয়ানডে বিশ্বকাপকে সামনে রেখে এবারের এশিয়া কাপ হবে ওয়ানডে সংস্করণের।

এশিয়া কাপের এবারের আসরটি সম্পূর্ণরূপে হওয়ার কথা ছিল পাকিস্তানে। তবে রাজনৈতিক বৈরীতার কারণে ভারত সেখানে যেতে সম্মত না হওয়ায় হাইব্রিড মডেলে শ্রীলঙ্কাতেও খেলা হবে। পাকিস্তানে গ্রুপ পর্বের তিনটি ও সুপার ফোরের একটিসহ মোট চারটি ম্যাচ অনুষ্ঠিত হবে। ফাইনালসহ বাকি নয়টি ম্যাচ হবে শ্রীলঙ্কায়।

'বি' গ্রুপে থাকা বাংলাদেশ ৩১ অগাস্ট ক্যান্ডিতে স্বাগতিকদের মুখোমুখি হওয়ার পর ৩ সেপ্টেম্বর পাকিস্তানের লাহোরে মোকাবিলা করবে আফগানিস্তানকে। ক্যান্ডিতেই হবে বহুল আকাঙ্ক্ষিত ভারত-পাকিস্তানের মধ্যকার লড়াই। 'এ' গ্রুপে এই দুই পরাশক্তির সঙ্গে আছে প্রথমবারের মতো এশিয়া কাপে সুযোগ পাওয়া নেপাল।

সুপার ফোরে জায়গা পেলে স্বয়ংক্রিয়ভাবে 'এ১' ও 'এ২' হিসেবে ধরা হবে যথাক্রমে পাকিস্তান ও ভারতকে। শ্রীলঙ্কা বিবেচিত হবে 'বি১' হিসেবে।

গ্রুপ পর্বের খেলা চলবে ৫ সেপ্টেম্বর পর্যন্ত। পরদিন থেকে শুরু হয়ে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত হবে সুপার ফোরের খেলা। সুপার ফোর শেষে পয়েন্ট তালিকার শীর্ষ দুই দল মুখোমুখি হবে ফাইনালে। ১৭ সেপ্টেম্বর অনুষ্ঠেয় শিরোপা নির্ধারণী ম্যাচের ভেন্যু শ্রীলঙ্কার কলম্বো।

মোট চারটি ভেন্যুতে হবে আসন্ন এশিয়া কাপের খেলাগুলো। সেগুলো হলো পাকিস্তানের মুলতান ও লাহোর এবং শ্রীলঙ্কার ক্যান্ডি ও কলম্বো।

এশিয়া কাপের চূড়ান্ত সূচি:

গ্রুপ-এ : পাকিস্তান, ভারত ও নেপাল গ্রুপ-বি : বাংলাদেশ, শ্রীলঙ্কা ও আফগানিস্তান

তারিখ : ৩০ আগস্ট, ম্যাচ : পাকিস্তান-নেপাল, ভেন্যু : মুলতান

তারিখ : ৩১ আগস্ট, ম্যাচ : বাংলাদেশ-শ্রীলঙ্কা, ভেন্যু : ক্যান্ডি

তারিখ : ২ সেপ্টেম্বর, ম্যাচ : পাকিস্তান-ভারত, ভেন্যু : ক্যান্ডি

তারিখ : ৩ সেপ্টেম্বর, ম্যাচ : বাংলাদেশ-আফগানিস্তান, ভেন্যু: লাহোর

তারিখ : ৪ সেপ্টেম্বর, ম্যাচ : ভারত-নেপাল, ভেন্যু : ক্যান্ডি

তারিখ : ৫ সেপ্টেম্বর, ম্যাচ : আফগানিস্তান-শ্রীলঙ্কা, ভেন্যু : লাহোর

সুপার-ফোর

৬ সেপ্টেম্বর, এ১-বি২, লাহোর; ৯ সেপ্টেম্বর, বি১-বি২, কলম্বো; ১০ সেপ্টেম্বর, এ১-এ২, কলম্বো; ১২ সেপ্টেম্বর, এ২-বি১, কলম্বো; ১৪ সেপ্টেম্বর, এ১-বি১, কলম্বো; ১৫ সেপ্টেম্বর, এ২-বি২. কলম্বো;

ফাইনাল

১৭ সেপ্টেম্বর. সুপার ফোর ১-২. কলম্বো।

সুয়ারেসেরও ইন্টার মায়ামিতে

# যোগ দেওয়ার গুঞ্জন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইন্টার মায়ামি যেন হয়ে উঠছে সাবেক বার্সেলোনা তারকাদের মিলনমেলা। লিওনেল মেসি, সের্হিও বুসকেতস, কোচ জেরার্দো মার্তিনোর পথ ধরে এবার যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাবটিতে যোগ দিলেন জর্দি আলবা। আলবার মায়ামিতে যোগ দেওয়া নিয়ে গুঞ্জন ছিল বেশ কিছুদিন থেকেই। সেটি সত্যি হওয়ার পর এখন লুইস সুয়ারেসকে নিয়ে গুঞ্জন জোরাল হয়েছে আরও। উরুগুয়ের ৩৬ বছর বয়সী স্ট্রাইকার এখন খেলছেন ব্রাজিলিয়ান ক্লাব গ্রেমিওতে। মেসি-বুসকেতসদের ঘনিষ্ঠ এই তারকার ইন্টার মায়ামিতে যোগ দেওয়া নিয়ে আলোচনা ছিল আগেও। তবে তখন তা উড়িয়ে দিয়েছিলেন ক্লাব প্রধান হোর্হে মাস। এখন তারই কণ্ঠের সুর একটু অন্যরকম। তিনি জানান, আমি ঠিক জানি না, লুইস সুয়ারেস কীভাবে গ্রেমিও ছাড়তে পারে, তবে সে যদি ছাড়ে, তাহলে আমরা তার সঙ্গে আলোচনা করতে পারি ও ইন্টার মায়ামিতে আনতে পারি।

বুসকেতসের মতোই সদ্য সমাপ্ত মৌসুম দিয়ে বার্সেলোনা থেকে বিদায় নেন আলবা। ইন্টার মায়ামির প্রেসিডেন্ট হোর্হে মাস গত মঙ্গলবার সংবাদমাধ্যমকে জানান, জর্দি এর মধ্যেই চুক্তি করে ফেলেছে এবং কয়েক দিনের মধ্যে দলে যোগ দেবে। তার ওপর ভরসা রাখছেন তাতা (কোচ জেরার্দো মার্তিনো)।

বার্সেলোনার হয়ে ১১ বছরের ক্যারিয়ারে সাড়ে চারশর বেশি ম্যাচ খেলে বর্ণাঢ্য অধ্যায়ের ইতি টানেন আলবা। কাতালান ক্লাবটিতে একটি চ্যাম্পিয়ন্স লিগ, একটি ক্লাব বিশ্বকাপ, ৬টি লা লিগা, ৫টি কোপা দেল রে, চারটি স্প্যানিশ সুপার কাপ ও ১টি উয়েফা সুপার কাপ জিতেছেন ৩৪ বছর বয়সী এই লেফট ব্যাক। স্পেন জাতীয় দলের এখনকার অধিনায়ক তিনি। আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন ৯৩টি। কদিন আগেই জিতেছেন উয়েফা নেশন্স লিগ। ২০১২ ইউরো জয়ী দলেরও সদস্য ছিলেন তিনি।

এশিয়া কাপেও নেই

# লোকেশ রাহুল, অনিশ্চিত বিশ্বকাপেও!




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** টিম ইন্ডিয়ার জন্য দুঃসংবাদ। এশিয়া কাপেও খেলতে পারবেন না লোকেশ রাহুল। এমনকি, আয়ারল্যান্ড সিরিজেও নেই তিনি। বিশ্বকাপে তাকে পাওয়া যাবে কিনা তা নিয়ে এবার সন্দেহ দেখা দিয়েছে। কারণ এশিয়া কাপের পরেই ঘরের মাটিতে বিশ্বকাপ শুরু হয়ে যাবে।

আইপিএল চলাকালীন উরুতে চোট পেয়েছিলেন রাহুল। মে মাসে লন্ডনে হয়েছিল অস্ত্রোপচার। কিন্তু এখনও পুরোপুরি সুস্থ হতে পারেননি তিনি। একটি ক্রিকেট সংক্রান্ত ওয়েবসাইট এই খবর দিয়েছে। ভারতের জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিহ্যাবে রয়েছেন তিনি। তবে ভারতীয় সমর্থকদের জন্য সুখবর। নেটে বোলিং শুরু করেছেন বুমরা। আয়ারল্যান্ড সিরিজে তিনি দলে ফিরতে পারেন। এদিকে, শ্রেয়াস আইয়ারও চোটের জন্য আয়ারল্যান্ড ও এশিয়া কাপে অনিশ্চিত। গোটা আইপিএলটাই চোটের জন্য খেলতে পারেননি শ্রেয়াস। কবে তিনি ফিরতে পারবেন তাও অনিশ্চিত।

'হুক্কা টানা বেশি হচ্ছে',

# রোনালদোকে তোপ লাহোডের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকার (এমএসএল) এবং ইউরোপের ঐতিহ্যবাহী ডাচ ও তুর্কি লিগ নিয়ে বড় ধরনের মন্তব্য করেছেন ক্রিস্টিয়ানো রোনালদো। তিনি বলেছেন, 'ইউরোপের ফুটবল অনেকটা মান হারিয়েছে। এখন একমাত্র ভালো করছে ইংলিশ প্রিমিয়ার লিগ।' প্রশ্নের জবাবে তিনি বলেন, 'যুক্তরাষ্ট্রের মেজর লিগের চেয়ে সৌদি লিগ এগিয়ে।'

এক বছরের মধ্যে সৌদি লিগ ডাচ ও তুর্কি লিগকে ছাড়িয়ে যাবে বলেও মন্তব্য করেছেন রোনালদো, 'অনেক ফুটবলার এখানে আসছেন... সামনে আরও অনেকে আসবেন। এক বছরের মধ্যে সৌদি লিগ ডাচ ও তুর্কিস লিগকে ছাড়িয়ে যাবে।'

রোনালদোর এই মন্তব্যের তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ফুটবল লিগের স্টার মাইক লাহোড। তিনি বলেছেন, 'রোনালদোর (বোধহয়) আজকাল হুক্কা টানা খুব বেশি হচ্ছে। এক বছরের মধ্যে ডাচ ও তুর্কি লিগকে সৌদি লিগ ছাড়িয়ে যাবে এটা একটা হাস্যকর বক্তব্য।'

লাহোড মনে করছেন মেসিকে ইন্টার মায়ামি উপস্থাপন করার পরই রোনালদো আজেবাজে বকা শুরু করেছে, 'মেসি যখনই ২০২৬ বিশ্বকাপের মধ্যে নর্থ আমেরিকায় ফুটবলকে মানুষের দোরগোড়ায় আনার কথা বলেছেন, তখনই রোনালদো এই মন্তব্য করেছেন।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR